২৫৮

ডায়েরী নং ৭২৭ তারিখঃ ৭/৯/২১

উপ-পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (পার-১ / পার-২)/ মনিটরিং/কমন সার্ভিস/প্রশিক্ষণ/সমন্বয়)/ভারপ্রাপ্ত কর্মকর্তা(পেনশন)/ ডি.পি.এম.(এইচ.আর.এম) / কল্যাণ কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/ অফিস সুপারঃ-১/অফিস সুপারঃ-২/ব্যক্তিগত সহকারী।

পরিচালক (প্রশাসন) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
শৃঙ্খলা শাখা
Mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৯.২১-৩৫৮

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৮ / ০১ সেপ্টেম্বর ২০২১

বিষয়ঃ ডা: সাফি উল্লাহ ভূঁইয়া, সহকারী কো-অর্ডিনেটর (ট্রেনিং এন্ড রিসার্চ), মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা এর বিরুদ্ধে **'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'** মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরণ।

## অভিযোগনামা

আপনি ডা: সাফি উল্লাহ ভূঁইয়া, সহকারী কো-অর্ডিনেটর (ট্রেনিং এন্ড রিসার্চ), মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৫/০৮/২০০৭ তারিখের পার ৪/প্রেষণ-১/২০০৭/৪১২ সংখ্যক স্মারকে আপনাকে জাপান সরকারের অর্থায়নে Osaka University তে Post Doctorate করার নিমিত্ত ৩১/০৮/২০০৭ হতে ৩০/০৮/২০০৯ খ্রি. তারিখ পর্যন্ত ০২ (দুই) বছর প্রেষণ মঞ্জুর করা হয়। আপনার প্রেষণের মেয়াদ ৩০/০৮/২০০৯ খ্রি. তারিখে শেষ হলেও অদ্যাবধি আপনি কর্মস্থলে যোগদান করেননি; এবং

০২। যেহেতু, আপনার প্রেষণের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ৩১/০৮/২০০৯ তারিখ হতে চাকরিতে অনুপস্থিত রয়েছেন এবং আপনি কর্মস্থলে যথাসময়ে যোগদান না করেও সেপ্টেম্বর, ২০০৯ হতে ডিসেম্বর, ২০০৯ পর্যন্ত বেতন ভাতাদি উত্তোলন করেছেন, যা দুর্নীতি হিসেবে গণ্য; এবং

০৩। যেহেতু, আপনার অননুমোদিত অনুপস্থিতিতে মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকায় মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা কার্যক্রম ব্যাহত হয়েছে এবং বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে; এবং

০৪। যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে এবং আপনার উক্ত কার্যকলাপ অসংগত ও চাকরির শৃঙ্খলার জন্য হানিকর। আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ), ৩(গ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে **'অসদাচরণ', 'পলায়ন' ও 'দুর্নীতি'** এর দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ;

০৪ ০৮/০৯/২১

০৫। সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে **'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'** এর বিধি ৩(খ), ৩(গ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' 'পলায়ন' এবং 'দুর্নীতি' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক সরকারি 'চাকরি হতে বরখাস্তকরণ' দন্ড প্রদান করা হবে না বা উক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না, একই বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে তার কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কিনা তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৬। যে সকল অভিযোগ বিবরণীর ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে, তার একটি অনুলিপি এসাথে প্রেরণ করা হলো।

০১/০৯/২১
(মোঃ আলী নূর)
সচিব

বর্তমান ঠিকানা:

ডা: সাফি উল্লাহ ভূঁইয়া,
সহকারী কো-অর্ডিনেটর (ট্রেনিং এন্ড রিসার্চ)
মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান
আজিমপুর, ঢাকা।

স্থায়ী ঠিকানা:

ডা: সাফি উল্লাহ ভূঁইয়া,
গ্রাম ও ডাকঘর: রামনগর
উপজেলা: রায়পুরা, জেলা: নরসিংদী।

নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৯.২১-৩৫৮

তারিখ: ১৭ভাদ্র ১৪২৮ / ০১ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫। নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ, অভিযুক্ত কর্মকর্তার ই-মেইলে প্রেরণ এবং তাঁর সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করে জারিপূর্বক (যদি বিলি না হয় সেক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করে লটকিয়ে জারিপূর্বক) তার প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

৬। পরিচালক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় জারিপূর্বক (যদি বিলি না হয় সেক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করে লটকিয়ে) তার প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০১/০৯/২১
(উম্মে কুলসুম)
উপসচিব
ফোন:৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd

১৬৮

# অভিযোগ বিবরণী

ডা: সাফি উল্লাহ ভূঁইয়া, সহকারী কো-অর্ডিনেটর (ট্রেনিং এন্ড রিসার্চ), মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৫/০৮/২০০৭ তারিখের পার ৪/প্রেষণ-১/২০০৭/৪১২ সংখ্যক স্মারকে তাকে জাপান সরকারের অর্থায়নে Osaka University তে Post Doctorate করার নিমিত্ত ৩১/০৮/২০০৭ হতে ৩০/০৮/২০০৯ খ্রি. তারিখ পর্যন্ত ০২ (দুই) বছর প্রেষণ মঞ্জুর করা হয়। তার প্রেষণের মেয়াদ ৩০/০৮/২০০৯ খ্রি. তারিখে শেষ হলেও অদ্যাবধি তিনি কর্মস্থলে যোগদান করেননি; এবং

০২। তার প্রেষণের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও কর্তৃকপক্ষের বিনা অনুমতিতে ৩১/০৮/২০০৯ তারিখ হতে চাকরিতে অনুপস্থিত রয়েছেন এবং তিনি কর্মস্থলে যথাসময়ে যোগদান না করেও সেপ্টেম্বর, ২০০৯ হতে ডিসেম্বর, ২০০৯ পর্যন্ত বেতন ভাতাদি উত্তোলন করেছেন, যা দুর্নীতি হিসেবে গণ্য; এবং

০৩। তার অননুমোদিত অনুপস্থিতিতে মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষন প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকায় মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা কার্যক্রম ব্যাহত হয়েছে এবং বিভাগীয় ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে; এবং

০৪। তার উপরোক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে এবং তার উক্ত কার্যকলাপ অসংগত ও চাকরির শৃঙ্খলার জন্য হানিকর। তার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ), ৩(গ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে **'অসদাচরণ', 'পলায়ন' ও 'দুর্নীতি'** এর দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ।

০১/০৯/২২

(মোঃ আলী নূর)
সচিব